

স্মারক নং: জাককানইবি/রেজি:/নবিজন/১৬৩২/২২/১২০

তারিখ: ২০/০১/২০২৫ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ নিম্নলিখিত স্থায়ী পদে নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	বয়স (বছর)	যোগ্যতা
০১।	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বেতন স্কেল-৩য় গ্রেড (৫৬৫০০-৭৪৪০০/-)	০১টি	অনুর্ধ্ব ৫০ বছর	শিক্ষাগত যোগ্যতা: প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং /আর্কিটেকচার/বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট/অর্থনীতি/গণিত/পরিসংখ্যান/ব্যবসা প্রশাসন/লোকপ্রশাসন-এ ০৪ (চার) বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/০৩ (তিন) বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/ পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/ পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী/বি গ্রেড থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/গ্রেড গ্রহণযোগ্য নয়। অভিজ্ঞতা: বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/আধা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ডিগ্রি পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে প্রকল্প প্রণয়ন/পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে কর্মকর্তা হিসেবে কমপক্ষে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে কোন বিশ্ববিদ্যালয়/খ্যাতিমান শিক্ষা প্রতিষ্ঠানে উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/ সমমানের পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে।

শর্তাবলী :

- আবেদনকারীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ০৮ (আট) সেট আবেদন রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪ বরাবরে আগামী ২০/০২/২০২৫ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে জমা দিতে হবে। আবেদনের শর্তাবলীসহ বিস্তারিত তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkknui.edu.bd ভিজিট করুন।
- প্রার্থীকে আবেদনপত্রের সংগে নিম্নবর্ণিত সনদসমূহ সংযুক্ত করতে হবে :
(ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র এর সত্যায়িত অনুলিপি।
(খ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের অনুলিপি।
(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি।
(ঘ) উপজাতীয় সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- প্রাপ্ত আবেদনসমূহ বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে নিয়োগ বাছাই বোর্ডে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে।
- নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধাসহ অন্যান্য কোটার বিষয়ে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।
- সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, সোনালী ব্যাংক লিমিটেড, বিশ্ববিদ্যালয় শাখা, ত্রিশাল, ময়মনসিংহের অনুকূলে ক্রমিক নং ০১- পদের জন্য ২০০/-টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের নির্ধারিত স্থানে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।
- উপরোক্ত পদসমূহে আবেদন করার জন্য রেজিস্ট্রার অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkknui.edu.bd থেকে অথবা ১০/- টাকা মূল্যের অব্যাহত ডাকটিকেটসহ নিজস্ব পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ফেরত খাম প্রেরণের মাধ্যমে নির্ধারিত ফরম ও আবেদন করার শর্তাবলী সংগ্রহ করা যাবে। ডাকযোগে আবেদন ফরম সংগ্রহের ক্ষেত্রে খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকার প্রদানে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।
- নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না।
- সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।
- অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সের শর্ত শিথিলযোগ্য।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(প্রফেসর ড. মো. মিজানুর রহমান)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪।

ফোন-০২-৯৯৬৬৭৬৪০৪